

বিএলএফ সাধারণ সম্পাদক শ্রমিক নেতা অ্যাড. দেলোয়ার হোসেন খানের মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক

ঢাকা, ০৪ অক্টোবরঃ

বাংলাদেশ লেবার ফেডারেশন-বিএলএফ এর সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিলস্ এর নির্বাহী পরিষদ সম্পাদক, সাবেক সংসদ সদস্য, বীর মুক্তিযোদ্ধা ও সংগ্রামী ট্রেড ইউনিয়ন নেতা অ্যাডভোকেট দেলোয়ার হোসেন খান এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান।

এক শোক বার্তায় শ্রম প্রতিমন্ত্রী বলেন, শ্রমজীবী মেহনতি মানুষের নেতা বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট দেলোয়ার হোসেন এর মৃত্যুতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ট্রেড ইউনিয়ন আন্দোলনের অপূরণীয় ক্ষতি হলো। তিনি শ্রমজীবী মানুষের অধিকার আদায়ে সব সময় সোচ্চার ছিলেন। আন্তর্জাতিক পর্যায়ের এই শ্রমিক নেতা সারাজীবন মেহনতি মানুষের কল্যাণে কাজ করে গেছেন।

প্রতিমন্ত্রী মরহমের মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য- গত রাতে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় অ্যাডভোকেট দেলোয়ার হোসেন খান মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৩ বছর। তিনি দুই ছেলে, স্ত্রী, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, সহকর্মী সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com